127

দৈনিক সংবাদ

তারিখ JUL. 2 1999
পৃঃ ২২ কলাম ৮

### শিক্ষক সমিতির মতবিনিময় সভা

# শিক্ষানীতিতে মুক্তিযুদ্ধের চেতনা প্রতিফলিত হয়নি

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

বাংলাদেশ শিক্ষক সমিতির মতবিনিময় সভায় বক্তারা বলেছেন, প্রস্তাবিত শিক্ষা-নীতিতে কুদরত-এ-খুদা" কমিশনের মূলনীতি মুক্তিযুদ্ধের চেতনা প্রতিফলিত হয়নি। উল্টো সাম্প্রদায়িক ভাবাদর্শ দ্বারা প্রভাবিত হয়েছে।

বক্তারা মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা তুলে দেয়া এবং ক্যাডেট ও মডেল স্কুল-কলেজের অনুদান বন্ধ করে দিয়ে শিক্ষা ব্যবস্থায় বৈষম্য দূর করার পক্ষে মতামত দিয়েছেন।

গতকাল বৃহস্পতিবার দুপুরে সেন. কল্যাণ সংস্থা মিলনায়তনে "জাতীয় শিক্ষা সংকট ও মাধ্যমিক শিক্ষাস্তরের ক্রম বর্তমান বৈষম্য, বহুমুখী সমস্যার চালচিত্র এবং করণীয়" শীর্ষক আলোচনা সভায় মূল বক্তব্য পাঠ করেন বাংলাদেশ শিক্ষক সমিতির সহ-সভাপতি হেনা দাস। আলোচনা করেন সাংবাদিক সন্তোষ গুপ্ত, মুনীরুজ্জামান, শিক্ষক সমিতির সভাপতি মোঃ কামরুজ্জামান, সাধারণ সম্পাদক চৌধুরী খুরশীদ আলম, বিএফইউজের সাবেক সভাপতি হাবিবুর রহমান মিলন, অধ্যাপক এ এন রাশেদা প্রমুখ।

মতবিনিময় সভায় বক্তারা বর্তমান শিক্ষা ব্যবস্থার বিভিন্ন সমস্যা তুলে ধরেন এবং সমস্যা সমাধানসহ শিক্ষা ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে দিক-নির্দেশনা দেন।

লিখিত বক্তব্যে হেনা দাস বলেন, বর্তমান শিক্ষা ব্যবস্থা একদিকে যেমন উচ্চবিত্তের জন্য, অপরদিকে সাম্প্রদায়িকতার জালে আবদ্ধ।

তিনি বলেন, শিক্ষকসহ মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী সর্বস্তরের মানুষের বহু প্রত্যাশা ছিল সরকারের কাছে: কিন্তু সে আশা এখন হতাশায় পরিণত হয়েছে।

বক্তারা মুক্তিযুদ্ধের চেতনার ধারার সাম্প্রদায়িকতামুক্ত প্রগতিশীল গণতান্ত্রিক বিজ্ঞানভিত্তিক শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে জাতীয় শিক্ষানীতি প্রণয়নের কথা বলেন। এছাড়া তারা বৈষম্য দূরীকরণ এবং সন্ত্রাস ও সাম্প্রদায়িকতার বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।